

Advertisement



**KIITEE** >>>>  
**2024** **APPLY NOW**

through KIIT Websites  
[www.kiitee.ac.in](http://www.kiitee.ac.in) / [www.kiit.ac.in](http://www.kiit.ac.in)

Date of Online Exam (1st Phase)

**20th March to 24th March 2024**

**No Application / Examination Fee**  
(Computer Based Online Test)



## 8 Fascinating Kitchen Home Décor Ideas

Confused which shelf will match your kitchen home decor? Here are the pros and cons of open and closed shelves. Make a wise decision.



Recommended by

# আনন্দবাজার পত্রিকা অনলাইন

০১ ফেব্রুয়ারি ২০২৪

প্রথম পাতা কলকাতা পশ্চিমবঙ্গ দেশ বিদেশ সম্পাদকের পাতা খেলা বিনোদন জীবন + ধারা ভিডিয়ো

[Anandabazar](#) / [West Bengal](#) / [Jadavpur University's Internal Investigation Committee \(ICC\) will investigate the unusual death of a student](#)

## Jadavpur University

# ছাত্রীর মৃত্যুতে পদক্ষেপ যাদবপুর বিশ্ববিদ্যালয়ে

সম্প্রতি যাদবপুরের ইংরেজি দ্বিতীয় বর্ষের ছাত্রী রেনেসাঁ দাসের জলপাইগুড়ির মালবাজারে দাদুর বাড়িতে অস্বাভাবিক মৃত্যু হয়।



যাদবপুর বিশ্ববিদ্যালয়। —ফাইল চিত্র।

### নিজস্ব সংবাদদাতা

📍 কলকাতা 🕒 শেষ আপডেট: ০১ ফেব্রুয়ারি ২০২৪ ০৬:১৫

Share:   Save: 

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের দৃষ্টিহীন ছাত্রীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনার তদন্ত করবে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ তদন্ত কমিটি (আইসিসি)। তদন্ত চলাকালীন অন্যতম অভিযুক্ত এক ছাত্রকে ক্যাম্পাসে ঢুকতে বারণ করা হয়েছে। দৃষ্টিহীন ওই ছাত্র ক্যাম্পাসের হস্টেলে থাকেন। ছাত্রীর পরিবারের অভিযোগের ভিত্তিতে এই সিদ্ধান্ত নিয়েছেন কর্তৃপক্ষ। সেই বৈঠকে ছিলেন সহ-উপাচার্য। এই ঘটনায় রাজ্য মানবাধিকার কমিশনও বিশ্ববিদ্যালয়ের কাছে রিপোর্ট চেয়ে পাঠিয়েছে বলে খবর।

সূত্রের খবর, এ দিনের বৈঠকে সিদ্ধান্ত হয়েছে, ১২ ফেব্রুয়ারির মধ্যে আইসিসিকে তদন্তের প্রাথমিক রিপোর্ট ও এক মাসের মধ্যে চূড়ান্ত রিপোর্ট জমা দিতে হবে। ১২ ফেব্রুয়ারি ওই প্রাথমিক রিপোর্ট মানবাধিকার কমিশনে পাঠাবে বিশ্ববিদ্যালয়।

সম্প্রতি যাদবপুরের ইংরেজি দ্বিতীয় বর্ষের ছাত্রী রেনেসাঁ দাসের জলপাইগুড়ির মালবাজারে দাদুর বাড়িতে অস্বাভাবিক মৃত্যু হয়। তার পরেই তাঁর পরিবার বিশ্ববিদ্যালয়ে লিখিত অভিযোগ করেন যে, মানসিক বিপর্যয়ের জেরে ওই ছাত্রী আত্মঘাতী হয়েছেন। এই ঘটনায় দু'জনের বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে। তাঁদের এক জন বিশ্ববিদ্যালয়েরই দৃষ্টিহীন ছাত্র। অন্য জন গবেষক এবং তিনিও দৃষ্টিহীন। তবে সেই গবেষক রাজ্যের বাইরে থাকেন। বিষয়টি নিয়ে মাল থানাতেও ছাত্রীর পরিবার অভিযোগ দায়ের করেছে।

(সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহুর্তে। ফলো করুন আমাদের [Google News](#), [X \(Twitter\)](#), [Facebook](#), [Youtube](#), [Threads](#) এবং [Instagram](#) পেজ)

[Jadavpur University](#) [Death](#) [Student](#)

Follow us on:     Save: 

Advertisement

Advertisement



**10 Tips For Choosing The Best Domain Name For Your Startup**  
Recommended by  



**টাকা TALK**  
সেভিংশ থেকে ইনভেস্টমেন্ট  
লাভ হবে না লোকসান?  
উত্তর একটাই [বিশদে জানুন](#)